## প্রসক্তিবাদের সমালোচনা (Criticism of Entialment Theory)

অভিজ্ঞতাবাদী দার্শনিক হিউম এবং তাঁর অনুগামীরা অবশ্যম্ভব-সম্বন্ধ মতবাদ বা প্রসক্তিবাদের বিরুদ্ধে কতকগুলি আপত্তি তুলেছেন। আপত্তিগুলি নিম্নরূপ ঃ

(১) 'প্রসক্তি-সম্বন্ধ' বলতে বোঝায়, বাক্যের সঙ্গো বাক্যের সম্বন্ধ—হেতুবাক্যের সঙ্গো সিদ্ধান্তবাক্যের সম্বন্ধ। কারণ অথবা কার্যের কোনটিও বচন বা বাক্য নয়, তারা দুটি ঘটনা। ঘটনার সঙ্গো ঘটনার সম্বন্ধকে 'প্রসক্তি-সম্বন্ধ' বা 'প্রসক্তি-সদৃশ-সম্বন্ধ' বলা চলে না।

(২) জাগতিক ঘটনা সংক্রান্ত বচন মাত্রই পরতঃসাধ্য (a-posteriori) এবং সেজন্য আবশ্যিক সত্য নয়। 'ঘর্ষণ উত্তাপের কারণ'—এই পরতঃসাধ্য বচনটি আপতিক (contingent), আবশ্যিক নয়। ঘর্ষণ হলে উত্তাপ হবেই, এমন নয়। কথাটি এই জগতে সত্য হলেও অন্য কোনো জগতে মিথ্যা হতে পারে। অন্তত আমরা এমন চিন্তা করতে পারি যে ঘর্ষণের

Scanned by CamScanner

ফলে উত্তাপ উৎপন্ন না হয়ে শীতলতার উৎপন্ন হচ্ছে। কার্য-কারণ সংক্রান্ত বচন গণিত বা যুক্তিশাস্ত্রের বচনের মতো পূর্বতঃসিদ্ধ (a-priori) আবশ্যিক বচন নয়। অভিজ্ঞতাপ্রসূত (পরতঃসাধ্য) কার্য-কারণ সম্বন্ধের জ্ঞান আবশ্যিক হতে পারে না।

(৩) কার্য-কারণ-সম্বন্ধ আমাদের অনুভবের বিষয় নয়। যাকে আমরা 'কারণ' বলি এবং যাকে আমরা 'কার্য' বলি, তাদের সম্পর্কে আমাদের ইন্দ্রিয়-সংবেদন বা অনুভব হলেও **'সম্বন্ধের'** অনুভব হয় না। যার অনুভব হয় না তাকে নিঃসংকোচে স্বীকার করা যায় না।

(৪) হেতুবাক্য থেকে সিদ্ধান্ত যেমন অনিবার্যভাবে নিঃসৃত হয়, কারণ থেকে কার্য সেরকম অনিবার্যরূপে ঘটে না। কার্য-কারণ সংক্রান্ত অনুমান এমন নয় যে, কারণ ঘটলে কার্য ঘটবেই ; অনুমানটি এমন—কারণ ঘটলে কার্য ঘটার যথেষ্ট সম্ভাবনা থাকে।

(৫) কার্য-কারণ সংক্রান্ত উক্তি সংশ্লেষক এবং সেজন্য আবশ্যিক সত্য নয়। কেবল বিশ্লেষক বাক্যই অবশ্যম্ভব। কারণকে কার্যের 'হেতু' বা ব্যাখ্যা বলা চলে না, কেননা কারণকে বিশ্লেষণ করলে কার্যকে পাওয়া যায় না। 'আগুন দহন করে' বাক্যটির অন্তর্গত আগুনের ধারণাকে বিশ্লেষণ করলে দহনের ধারণা পাওয়া যায় না। কার্য-কারণ-সংক্রান্ত উক্তি তাই ত্রৈকালিক সত্য সার্বিক বচন হতে পারে না। সংশ্লেষক বচন মাত্রই পরতঃসাধ্য অর্থাৎ অভিজ্ঞতা-নির্ভর। অভিজ্ঞতার ওপর নির্ভর করে অতীত, বর্তমান এবং ভবিষ্যতের ঘটনা সম্পর্কে নিশ্চিত করে কিছুই বলা যায় না।

(৬) প্রসক্তিবাদীরা কারণ ও কার্যকে অভিন্ন বলেন না, তাদের দুটি ভিন্ন ঘটনা বলেন। দুটি ঘটনা ভিন্ন হলে তাদের মধ্যে অভ্যন্তরীণ, অবশ্যম্ভব ও অচ্ছেদ্য সম্পর্ক থাকতে পারে না।

সার কথা হল—কারণ ও কার্যের মধ্যে কোনো রকমের সম্বন্ধ স্বীকার করা গেলেও সেই সম্বন্ধকে 'অবশ্যম্ভব সম্বন্ধ' বলা চলে না।

Scanned by CamScanner